# ইশরাক হোসেনের বিরুদ্ধে সমন্বয়ক অপুর জোরপূর্বক ভিডিও স্বীকারোক্তির অভিযোগ, দাবি তার স্ত্রীর



সংগৃহীত ছবি

গুলশানে চাঁদাবাজির মামলায় গ্রেফতার জানে আলম অপুর স্বীকারোক্তিমূলক ভিডিও নিয়ে বিতর্ক তৈরি হয়েছে। অপুর স্ত্রী কাজী আনিশা অভিযোগ করেছেন, বিএনপি নেতা ইশরাক হোসেন জোর করে তার স্বামীর কাছ থেকে এই বক্তব্য নিয়েছেন এবং তা কাটছাঁট করে প্রকাশ করেছেন।

গুলশানে সাবেক এমপি শাম্মী আহমেদের বাসায় গিয়ে চাঁদাবাজির মামলায় গ্রেফতার বাংলাদেশ গণতান্ত্রিক ছাত্র সংসদের (বাগছাস) সাবেক যুগ্ম আহ্বায়ক জানে আলম অপুর একটি স্বীকারোক্তিমূলক ভিডিও সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়েছে। বৃহস্পতিবার (১৪ আগস্ট) জাতীয় জাদুঘরে আয়োজিত এক সংবাদ সম্মেলনে অপু'র স্ত্রী কাজী আনিশা অভিযোগ করেন, বিএনপি নেতা ইশরাক হোসেন জোরপূর্বক ওই বক্তব্য নিয়েছেন।

তিনি জানান, "অপুকে ইশরাকের বাসার সামনে থেকে ধরে নিয়ে যাওয়া হয় এবং গোপীবাগে (যা ইশরাকের বাসা) সেই বক্তব্য রেকর্ড করা হয়। সাহায্য করার নামে তাকে জোর করে এই স্বীকারোক্তি দিতে বাধ্য করা হয়েছে।" আনিশার দাবি, ভিডিও প্রকাশের আগে তা কাটছাঁট করা হয়েছে এবং স্টেটমেন্ট নেয়ার ১৪ দিন পর সামাজিক মাধ্যমে ছাড়া হয়েছে।

তিনি আরও বলেন, চারদিন রিমান্ডে রেখে অপুকে দিয়ে কিছু নির্দিষ্ট ব্যক্তির নাম বলানোর চেষ্টা করা হয়েছে। এনসিপিকে দুর্বল করার উদ্দেশ্যে অপুকে ফাঁসানো হয়েছে বলেও তিনি অভিযোগ করেন।

LENS ASIA